

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় স্পেশাল জজ এর কার্যালয়  
রাজশাহী বিভাগ, রাজশাহী।

## প্রজ্ঞাপন

যেহেতু, নিম্নবর্ণিত তফসিলে উল্লিখিত আসামী/আসামীগণের বিরুদ্ধে ঘ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং যেহেতু আসামী/আসামীগণের বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি ৮৭/৮৮ ধারার বিধান ইতোমধ্যেই প্রতিপালিত হইয়াছে এবং যেহেতু আদালতের বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, আসামী/আসামীগণ ঘ্রেফতার ও বিচারের সোপার্দকরণ এড়ানোর জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং তাহার/তাহাদের আশু ঘ্রেফতারের সম্ভাবনা নাই সেহেতু ফৌজদারি কার্যবিধির ৩৩৯বি(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আসামী/আসামীগণকে নিম্নে তফসিলে তাহার/তাহাদের নামের পার্শ্বে লিখিত মামলায় অত্র প্রজ্ঞাপন জারি হইবার তারিখ হইতে ১০(দশ) দিনের মধ্যে হাজির হইবার নির্দেশ দেওয়া গেল। অন্যথায় তাহার/তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য অনুষ্ঠিত হইবে।

## তফসিল

আসামীর নাম ঠিকানা	মামলা নং, তারিখ ও ধারা	আদালতের নাম
১। মোঃ আবরার হোসেন খান (৫৮), প্রাক্তন সিনিয়র এক্সেকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও ম্যানেজার, যমুনা ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, রাজশাহী (বর্তমানে চাকুরীচূত), পিতা-মৃত আব্দুল আজিজ খান, সাং-কুল্লাপাড়া, থানা কালিগঞ্জ, জেলা-বিনাইদহ, বর্তমান ঠিকানা-ফ্লাট নং ৪ বি, প্লট নং ৫/ই, রোড নং ১৩, সেক্টর নং ০৩, উত্তরা মডেল টাউন, ঢাকা।	সূত্র : বোয়ালিয়া থানার কেস নং ৪৮, তাৎ-২২-৮-১৩, এম, জি, আর ১০১৮/১৩, স্পেশাল ২২/১৭ (মহারাজ) প/স. ৮০৯/৮২০/৮৬৭/ ৮৬৮/৮৬৯/৮৭১/১০৯ দঃবিঃ তৎসহ ১৯৪৭ সালের ২নং আইনের ৫(২) ধারা।	বিভাগীয় স্পেশাল জজ আদালত, রাজশাহী বিভাগ, রাজশাহী।

(১৭৫৯)

মূল্য : টাকা ৪.০০

আসামীর নাম ঠিকানা	মামলা নং, তারিখ ও ধারা	আদালতের নাম
২। মোঃ মাজহারুল ইসলাম, প্রাক্তন সিনিয়র এক্সেকিউটিভ অফিসার এবং ক্রেডিট ইন-চার্জ, যমুনা ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, রাজশাহী (বর্তমানে চাকুরীচ্যুত) পিতা-মোঃ ইস্তাজ আলী, সাঃ-১৬৫, লক্ষ্মীপুর টিবি রোড, পোঃ-জিপিও-৬০০০, থানা-রাজপাড়া, জেলা-রাজশাহী।	সূত্র : বোয়ালিয়া থানার কেস নং ৪৮, তা-২২-৮-১৩, এম, জি, আর ১০১৮/১৩, স্পেশাল ২২/১৭ (মহারাজ) প/স. ৮০৯/৮২০/৮৬৭/ ৮৬৮/৮৬৯/৮৭১/১০৯ দণ্ডিঃ তৎসহ ১৯৪৭ সালের ২নং আইনের ৫(২) ধারা।	বিভাগীয় স্পেশাল জজ আদালত, রাজশাহী বিভাগ, রাজশাহী।

কে, এম মোস্তাকিনুর রহমান  
বিভাগীয় স্পেশাল জজ  
রাজশাহী বিভাগ, রাজশাহী।